




ঢাকায় রামগতি উপজেলা সমিতির নির্বাচন: মিজান-মাসুদ-জুয়েল প্যানেলের জয়



সংগৃহীত ছবি

রামগতি উপজেলা সমিতি, ঢাকা-এর কার্যনির্বাহী পরিষদ নির্বাচন ২০২৫ অনুষ্ঠিত হয়েছে ২৬ সেপ্টেম্বর। বনানী বিদ্যানিকেতন স্কুল ও কলেজে আয়োজিত নির্বাচনে মিজান-মাসুদ-জুয়েল প্যানেল ব্যাপক ভোটে বিজয়ী হয়। ৩৫টি পদের মধ্যে ১২টিতে ভোটগ্রহণ এবং ২৩টিতে বিনা প্রতিদ্বন্দ্বিতায় প্রার্থী নির্বাচিত হয়েছেন। রামগতি উপজেলা সমিতি, ঢাকা-এর কার্যনির্বাহী পরিষদ নির্বাচন-২০২৫ গত ২৬ সেপ্টেম্বর বনানী বিদ্যানিকেতন স্কুল ও কলেজে অনুষ্ঠিত হয়। সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ভোটগ্রহণ চলে। নির্বাচনকে ঘিরে ঢাকাছ রামগতির প্রবাসী মানুষদের মিলনমেলায় পরিণত হয় ভোটকেন্দ্র। মোট ৩৫টি পদের মধ্যে ১২টিতে সরাসরি ভোট হয় এবং বাকি ২৩টি পদে একক প্রার্থী থাকায় তাদের বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী ঘোষণা করা হয়। প্রধান নির্বাচন কমিশনার এ কে এম জসিম উদ্দিন রাত ১০টা ২০ মিনিটে আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করেন। সভাপতি পদে বিপুল ভোটে জয়ী হয়েছেন মিজান আহমেদ। তিনি পেয়েছেন ২৭৩ ভোট, আর তার প্রতিদ্বন্দ্বী মো. আতিক উল্লাহ পেয়েছেন মাত্র ৮ ভোট। সাধারণ সম্পাদক পদে আফতাব উদ্দিন মাসুদ ২৮১ ভোটে বিজয়ী হন। সংগঠনিক সম্পাদক পদে তানভীর আহমেদ জুয়েল ২৭০ ভোটে জয় পান, যেখানে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আবদুল খালেক মাসুদ মাত্র ১২ ভোট পেয়েছেন। নির্বাচনের পর নবনির্বাচিত সভাপতি মিজান আহমেদ এবং কার্যনির্বাহী সদস্য মো. হেলাল উদ্দিন ভোটারদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তারা প্রতিশ্রুতি দেন যে ঢাকাছ রামগতির মানুষের কল্যাণ ও উন্নয়নে সমিতির কার্যক্রম আরও জোরদার করা হবে।